অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন SEMICONDUCTOR MANUFACTURING WORKFORCE TRAINING TAX CREDIT প্রোগ্রাম শুরুর ঘোষণা করলেন

প্রোগ্রামটি আমেরিকার সব থেকে দ্রুত বড় হতে থাকা সেমিকন্ডাক্টর ইকোসিস্টেমে কর্মীদের সুযোগের সাথে সংযুক্ত করতে সাহায্য করবে

নিউ ইয়র্ক জাতীয় দক্ষ কর্মীর সমস্যা সমাধানে নেতৃত্ব দিচ্ছে, U.S.-এর চিপ কারখানার পুনরুজ্জীবনকে হুমকির মুখে ফেলতে পারে এমন দক্ষ কর্মীর সম্ভাব্য ঘাটতি এড়াতে পদক্ষেপ নিচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Semiconductor Manufacturing Workforce Training Incentive প্রোগ্রাম শুরুর ঘোষণা করেছেন, এটি কর্মশক্তির প্রশিক্ষণ প্রোগ্রামগুলিকে স্টেটের দ্রুত বড় হতে থাকা সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি খাতের ক্যারিয়ারের সাথে সংযুক্ত করার জন্য তৈরি করা হয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) পরিচালিত এই নতুন প্রোগ্রামটি যোগ্য সেমিকন্ডাক্টর উৎপাদনকারী এবং উৎপাদনের ব্যবসাগুলিকে বেশি চাহিদাসম্পন্ন উৎপাদন খাতের ক্যারিয়ারের জন্য কর্মীদের প্রশিক্ষণের ব্যয় আংশিকভাবে বহন করার মাধ্যমে তাদের সমর্থন করবে, যা নিউ ইয়র্ক স্টেটে (New York State) ইন্ডাস্ট্রির ধারাবাহিক প্রবৃদ্ধিকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় দক্ষ কর্মশক্তি গড়ে তুলতে কোম্পানিগুলি সাহায্য করবে।

"নিউ ইয়র্ক দেশের শীর্ষ সেমিকন্ডাক্টর উৎপাদন কেন্দ্র হয়ে উঠতে ঐতিহাসিক বিনিয়োগ করছে, এবং এর অর্থ হলো প্রজেক্টের মতোই মানুষের জন্যও বিনিয়োগ করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই নতুন কর্মশক্তির প্রশিক্ষণের ট্যাক্স ক্রেডিট উৎপাদনকারীদেরকে তাদের প্রয়োজনীয় উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মশক্তি গড়ে তুলতে সাহায্য করবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের জন্য বিশ্বের সব থেকে দ্রুত বড় হতে থাকা ইন্ডাস্ট্রিগুলির একটিতে ক্যারিয়ার গড়ার নতুন সুযোগ সৃষ্টি করবে।"

এই প্রোগ্রামটি নিয়োগকর্তার নেতৃত্বাধীন প্রশিক্ষণকে সমর্থন করে যা নির্দিষ্ট ব্যবসায়িক চাহিদা পূরণ করে, কর্মীদের দক্ষতা বাড়ায়, উৎপাদনশীলতা উন্নত করে এবং ক্যারিয়ারে অগ্রগতির সুযোগ সৃষ্টি করে। যোগ্য প্রশিক্ষণ সরাসরি নিয়োগকর্তা, তৃতীয় পক্ষের সেবা প্রদানকারী অথবা New York State Registered Apprenticeship প্রোগ্রামের মাধ্যমে দেওয়া যেতে পারে। ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে যোগ্য প্রশিক্ষণ খরচের সর্বোচ্চ 75 শতাংশ পর্যন্ত বহন করা যাবে, যার মধ্যে প্রশিক্ষণকালীন কর্মীদের বেতন, পাঠ্যক্রম তৈরি, প্রশিক্ষকের খরচ এবং যোগ্য সহায়ক সেবার

খরচ থাকতে পারে, যা যোগ্য প্রশিক্ষণ পাওয়া প্রতি কর্মীর জন্য 25,000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে। যোগ্য সেমিকন্ডাক্টর উৎপাদনকারী ব্যবসা পুরো প্রোগ্রামের মেয়াদে সর্বোচ্চ 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্রেডিট পেতে পারে, এবং অন্যান্য যোগ্য উৎপাদনকারী ব্যবসা সর্বোচ্চ 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পেতে পারে।

যোগ্যতা অর্জনের জন্য ব্যবসাকে নিউ ইয়র্ক স্টেটে যোগ্য সেমিকন্ডাক্টর উৎপাদনকারী বা উৎপাদনকারী ব্যবসা হিসেবে পরিচালিত হতে হবে, প্রশিক্ষণ শুরু হওয়ার আগে অনুমোদিত কর্মশক্তি প্রশিক্ষণ পরিকল্পনা জমা দিতে হবে, এবং শ্রমিক সুরক্ষা ও পরিবেশগত প্রয়োজনীয়তা মেনে চলার প্রমাণ দিতে হবে। আবেদন এখন ESD-এর মাধ্যমে গ্রহণ করা হচ্ছে। প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য, যোগ্যতার আবশ্যিকতা এবং আবেদনের উপাদান এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "একটি দৃঢ় সেমিকন্ডাক্টর ইকোসিস্টেম একটি শক্তিশালী কর্মশক্তির উপর নির্ভর করে। নিয়োগকর্তাদের প্রশিক্ষণে বিনিয়োগ করতে সাহায্য করার মাধ্যমে, নিউ ইয়র্ক নিশ্চিত করছে যাতে ব্যবসাগুলির কাছে তাদের প্রয়োজনীয় মেধাবীদের পাওয়ার সুযোগ থাকে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন উৎপাদন খাতের ক্যারিয়ারের পথ তৈরি করবে। এই প্রোগ্রামটি সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির বিকাশ ঘটানো এবং উন্নত উৎপাদন খাতে বৈশ্বিক নেতা হিসেবে নিউ ইয়র্কের অবস্থান আরো শক্তিশালী করতে আমাদের বৃহত্তর কৌশলের সমর্থক।"

নতুন এই প্রোগ্রামটি দেশীয় চিপ উৎপাদনের পুনরুত্থানকে হুমকির মুখে ফেলা দক্ষ কর্মীর জাতীয় ঘাটতির সরাসরি সমাধান করার মাধ্যমে সেমিকন্ডাক্টর খাতে নিউ ইয়র্কের নেতৃত্বের প্রমাণ দিচ্ছে। সাম্প্রতিক ইন্ডাস্ট্রির প্রতিবেদনগুলি পূর্বাভাস দিয়েছে যে 2030 সালের মধ্যে সারা দেশে পূর্ণকালীন দক্ষ সেমিকন্ডাক্টর উৎপাদন কর্মীর ঘাটতি 157,000 জন পর্যন্ত হতে পারে। প্রশিক্ষণের খরচ আংশিকভাবে বহনের জন্য এবং নতুন নিয়োগ সম্ভব করতে স্টেটের সমর্থন দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক ইন্ডাস্ট্রি ও সরকারের যৌথভাবে সংস্থান একত্রিত করার জরুরি আহ্বানে সাড়া দিচ্ছে, যা নিশ্চিত করছে যাতে ইন্ডাস্ট্রির কাছে এর প্রয়োজনীয় কর্মী থাকে এবং একই সাথে একটি দ্রুত বড় হতে থাকা ইন্ডাস্ট্রিতে অ্যাক্সেসিবল ক্যারিয়ারের সুযোগ নিয়ে নিউ ইয়র্কবাসীদের সক্ষম করছে।

এটি এছাড়াও নিউ ইয়র্কের সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রির বিকাশে গভর্নর Hochul-এর (হোকল) সামগ্রিক কৌশলকে অগ্রসর করে। বিনিয়োগের ফলে সৃষ্ট হওয়া হাজার হাজার উচ্চ-বেতনের কর্মসংস্থানের জন্য নিউ ইয়র্কবাসীদের দক্ষ করে তুলতে গভর্নর Hochul (হোকল) একটি উচ্চাভিলাষী কর্মসংস্থান উন্নয়ন কৌশল পরিচালনা করছেন। এই প্রচেষ্টার মূলে রয়েছে 200 মিলিয়ন মার্কিন ডলারের অন-র‍্যাম্প উদ্যোগ যার মাধ্যমে আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে চারটি উন্নত উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করা হচ্ছে। এর মধ্যে রয়েছে সিরাকিউজের (Syracuse) সাউথসাইডে (Southside) অবস্থিত ফ্ল্যাগশিপ ON-RAMP কেন্দ্র, এই কেন্দ্রটি অ্যাক্সেসিবল ক্যারিয়ারের পথ তৈরি করার জন্য গুরুত্বপূর্ণ দক্ষতা প্রশিক্ষণ এবং চাইল্ডকেয়ার ও পরিবহনের মতো সহায়ক সেবা প্রদান করার জন্য তৈরি করা হয়েছে।

গত সপ্তাহে গভর্নর Hochul (হোকল) সেন্ট্রাল নিউ ইয়র্কে (Central New York) Micron-এর 100 বিলিয়ন মার্কিন ডলারের সেমিকন্ডাক্টর উৎপাদন ক্যাম্পাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক

উদযাপন করেন, যেখানে কর্মীরা প্রথম কংক্রিটের ভিত্তি ঢালাইয়ের কাজ শুরু করেছেন। কাজ শুরু হওয়ার ছয় মাসের কম সময়ের মধ্যে এই গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জিত হয়েছে এবং এটি সাইট প্রস্তুতির কাজ থেকে পূর্ণমাত্রার উঁচু নির্মাণকাজ শুরু করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মোড়।

সেমিকন্ডাক্টর স্মার্টফোন থেকে শুরু করে স্যাটেলাইট পর্যন্ত সবকিছুর পাওয়ার দেয়, এবং এই খাতটি এই দশক শেষ হওয়ার আগে সারা বিশ্বে 1 ট্রিলিয়ন রেভিনিউ তৈরি করতে যাচ্ছে। এই ইন্ডাস্ট্রি এছাড়াও কর্মী ও পরিবারের জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব তৈরি করে, সেমিকন্ডাক্টর উৎপাদনের 60 শতাংশ চাকরির জন্য চার বছরের ডিগ্রির প্রয়োজন হয় না এবং এসব চাকরিতে গড়ে অন্যান্য উন্নত উৎপাদন খাতের তুলনায় 25 শতাংশের বেশি বেতন দেওয়া হয়। 2022 সাল থেকে 126 বিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন বিনিয়োগের ঘোষণা দেওয়া হয়েছে, যার ফলে নিউ ইয়র্ক স্টেট বর্তমানে দেশের সব থেকে দ্রুত বড় হতে থাকা সেমিকন্ডাক্টর উৎপাদন ইকোসিস্টেমের অবস্থান। এই দশকের শেষ নাগাদ, মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি প্রতি চারটি চিপের মধ্যে একটি আপস্টেট নিউ ইয়র্কের 350 মাইলের মধ্যে উৎপাদিত হবে — যা দেশের অন্য যেকোনো অঞ্চলের তুলনায় বেশি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন